তারিখ 31 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 6

যুগান্তর

# জাতীয় বিশ্ববিদ্যালয় সব পরীক্ষা নেবে

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন আজকের সব ধরনের পরীক্ষা যথারীতি চলবে। মঙ্গলবার রাতে এ তথ্য নিশ্চিত করেছেন ভিসি অধ্যাপক ড. হারুন অর রশিদ। তিনি বলেন, যুদ্ধাপরাধীদের জন্য ডাকা কোনো হরতালই এ দেশের মানুষ মানেনি। বরং মনেপ্রাণে ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে।

জানা গেছে, আজকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন তিনটি পরীক্ষা আছে। এগুলো হচ্ছে, বিপিএড (ব্যাচেলর ফিজিক্যাল এডুকেশন), অনার্স পার্ট-১ (বিশেষ) এবং ২০১৫ সালের ডিগ্রি (পাস)। এর মধ্যে প্রথম পরীক্ষাটি সকালে এবং পরের দুটি বেলা দেড়টায় শুরু হবে।